দৈনিক
ইনকিলাব

তারিখ ..26 SEP 2008
পৃষ্ঠা ... ১১ ... কলাম ... ৬

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে ব্যাপক সংস্কারে সরকারের উদ্যোগ

## *বিভিন্ন পর্যায়ে মত বিনিময়ের কর্মসূচী গ্রহণ*

**ষ্টাফ রিপোর্টার ঃ** শিক্ষা মন্ত্রণালয় বিভিন্ন পর্যায়ে আলোচনা সাপেক্ষে দেশের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে ব্যাপক সংস্কারের উদ্যোগ নিয়েছে। এ বিষয়ে বিস্তারিত পর্যালোচনার জন্য আগামী কাল শনিবার নায়েমে দিনব্যাপী আন্তঃকর্মকর্তা পর্যায়ের ৫টি সেশন, দেশের বিশিষ্ট শিক্ষাবিদগণের সমন্বয়ে একটি কর্মশালা এবং সাংবাদিক সম্মেলনের আয়োজন করা হয়েছে। শিক্ষা ও বাণিজ্য উপদেষ্টা ড. হোসেন জিল্লুর রহমানের সভাপতিত্বে এ নীতি-নির্ধারণী কর্মসূচীতে দেশের বিশিষ্ট শিক্ষাবিদগণ, মন্ত্রণালয়ের সচিব মোঃ মোমতাজুল ইসলাম, অতিরিক্ত সচিব (প্রশাসন) মোজাম্মেল হক খান, অতিরিক্ত সচিব (উন্নয়ন) এ টি কে এম ইসমাইল, যুগ্মসচিবগণ ও প্রধান (পরিকল্পনা), সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ উপস্থিত থাকবেন বলে শিক্ষা মন্ত্রণালয় সূত্রে জানা গেছে।

দিনব্যাপী এ সেশন্সমূহে মাধ্যমিক স্তরের প্রাতিষ্ঠানিক প্রাপ্যতা, পাঠদানের অনুমতি প্রদান, একাডেমিক স্বীকৃতি প্রদান, শাখা খোলা, উচ্চ মাধ্যমিক স্তরে শাখা খোলা এবং ডিগ্রি লেভেলে অনার্স বিষয় খোলার অনুমতি বিষয়ে বিস্তারিত পর্যালোচনা করা হবে। এসব বিষয়ে বিদ্যমান নীতিমালা ও বিধি-বিধানকে আরো যুগোপযোগী ও বাস্তবমুখী করার মতামত গ্রহণ করা হবে। এছাড়াও শিক্ষা বোর্ডসমূহ কর্তৃক প্রতিষ্ঠানসমূহের নবায়ন ও মনিটরিং বিষয়, সাধারণ শিক্ষা বোর্ডসমূহের মধ্যে কর্মচারী-কর্মকর্তাদের আন্তঃবোর্ড বদলি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরকে দু'টি পৃথক অধিদপ্তরে বিভক্তিকরণ, মাধ্যমিক স্তরে ইংরেজি ও তথ্য প্রযুক্তি শিক্ষা এবং মন্ত্রণালয়ের ওয়েবসাইটের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হবে বলে সূত্রে জানিয়েছে।